# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 14 April, 2025

সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী বলেছেন, এবারের শোভাযাত্রা রাজনৈতিক নয়। তবে একটি নির্দিষ্ট রাজনৈতিক গ্রুপ তাদের প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য এটিকে রাজনৈতিকভাবে ব্যবহার করেছে।আমরা এবার শুধু ফ্যাসিস্টের মুখায়ব ব্যবহার করেছি, কারণ ফ্যাসিস্ট কোনও রাজনীতির অংশ নয়, ফ্যাসিস্ট সবচেয়ে বড় অশুভ শক্তি।

সোমবার (১৪ এপ্রিল) বর্ষবরণ আনন্দ শোভাযাত্রায় অংশ নিয়ে তিনি এ সব কথা বলেন।

মোস্তফা সরয়ার ফারুকী বলেন, তবে এখানে বাংলাদেশের রাজনীতি রয়েছে।এখানে বাংলাদেশের সব জনগোষ্ঠী, সব ঐতিহ্য- সেই আকবর আমলের ঐতিহ্য, সুলতানি আমলের ঐতিহ্য সবকিছুর মিশ্রণ দেখবেন।তবে টিপিক্যাল রাজনীতির কিছু এখানে নাই।

১৯৮৯ সালে চারুকলায় আনন্দ শোভাযাত্রা নামে বর্ষবরণ শোভাযাত্রা শুরু হয়েছিল।পরে ১৯৯৬ সালে এটিকে মঙ্গল শোভাযাত্রা নাম দেওয়া হয়। এবার কর্তৃপক্ষ এটিকে বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা নাম দিয়েছে। এটি নিয়ে প্রশ্ন তুলে সংবাদ সম্মেলন করেছেন চারুকলার একদল শিক্ষার্থী।

এ বিষয়ে ফারুকী বলেন, চাপিয়ে দেওয়ার কোনও ঘটনা ঘটেনি, আগে চাপিয়ে দেওয়া হয়েছিল। নাম ছিল বর্ষবরণ শোভাযাত্রা যশোরে। সেখান থেকে ঢাকায় আসার পর নাম হয় আনন্দ শোভাযাত্রা। এরপর চাপানো হয় মঙ্গল শোভাযাত্রা। এবার চারুকলা সিদ্ধান্ত নিয়েছে চারুকলায় যে নামে চালু হয়েছিল সে নামে শুরু হবে।

ফারুকী আরও বলেন, বাঙালি, চাকমা, মারমা গারোসহ সব জাতিগোষ্ঠী বর্ষবরণ পালন করে। ফলে আমরা এটাকে বাংলাদেশের উৎসব হিসেবে পালন করা শুরু করলাম।

তিনি আরও বলেন, এটা বাংলাদেশের সাংস্কৃতিক ঐক্য ও সম্মিলনের একটি বড় ধাপ।আমরা হয়তো ২০-৩০ বছর পর থাকবো না, কিন্তু আজকের বছরটি স্মরণীয় হয়ে থাকবে, কারণ এরপর থেকে বাংলাদেশ এভাবেই চলবে।

উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী রাজনীতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:05

URL: https://www.timestodaybd.com/national/748775807